

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৪৫২ ২৩/ বাণিজ্য ও উপার্জন পরিচ্ছেদঃ ঋণ দেওয়া, পরিশোধ নেওয়া, পাওনাদারের পাওনা আদায়

আরবী

عَنْ أَبِيْ سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ جَاءَ أَعْرَابِيُّ إِلَى النَّبِيِّ عَلَيْكِ يَتَقَاضَاهُ دَيْنًا كَانَ عَلَيْهِ فَاشْتَدَ عَلَيْهِ حَتَّى قَالَ لَهُ أُحَرِّجُ عَلَيْكَ إِلَّا قَضَيْتَنِي فَانْتَهَرَهُ أَصْحَابُهُ وَقَالُوا وَيْحَكَ تَدْرِي مَنْ عَلَيْهِ حَتَّى قَالَ إِنِّي أَطْلُبُ حَقِّي فَقَالَ النَّبِيُّ عَيْلًا هَعَ صَاحِبِ الْحَقِّ كُنْتُمْ؟ ثُمَّ أَرْسَلَ إِلَى خَوْلَةَ بِنْتِ قَيْسٍ فَقَالَ لَهَا إِنْ كَانَ عِنْدَكَ تَمْرٌ فَأَقْرِضِينَا حَتَّى يَأْتِينَا تَمْرُنَا فَنَقْضِيكِ خَوْلَةَ بِنْتِ قَيْسٍ فَقَالَ لَهَا إِنْ كَانَ عِنْدَكَ تَمْرٌ فَأَقْرِضِينَا حَتَّى يَأْتِينَا تَمْرُنَا فَنَقْضِيكِ فَقَالَ أَوْفَيْتَ فَقَالَ أَوْفَيْتَ فَقَالَ أُولَئِكَ خِيَارُ النَّاسِ إِنَّهُ لَا قُدِّسَتْ أُمَّةٌ لَا يَأْخُذُ الضَّعِيفُ فِيهَا حَقَّهُ غَيْرَ مُتَعْتَعٍ مُثَلِّهُ لَكَ فَقَالَ أُولَئِكَ خِيَارُ النَّاسِ إِنَّهُ لَا قُدِّسَتْ أُمَّةٌ لَا يَأْخُذُ الضَّعِيفُ فِيهَا حَقَّهُ غَيْرَ مُتَعْتَعٍ

বাংলা

(২৪৫২)আবৃ সাঈদ খুদরী (রাঃ) বলেন, এক মরুবাসী (বেদুঈন) লোকের কাছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিছু খেজুর ধার করেছিলেন। সে তাঁর নিকট নিজের পাওনা আদায় করতে এসে তাঁকে কটু কথা শুনাতে লাগল। এমনকি সে তাঁকে বলল, 'আপনি আমার ঋণ পরিশোধ না করলে, আমি আপনাকে মুশকিলে ফেলব!' এ কথা শুনে সাহাবাগণ তাকে ধমক দিলেন ও বললেন, 'আরে বেআদব! জান তুমি কার সাথে কথা বলছ?' লোকটি বলল, 'আমি আমার হক আদায় চাচ্ছি।' মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা হকদারের সঙ্গ দিলে না কেন? অতঃপর তিনি খাওলাহ বিনতে কাইসের নিকট বলে পাঠালেন যে, যদি তোমার কাছে খেজুর থাকে, তাহলে আমাকে ধার দাও।

অতঃপর আমাদের খেজুর এলে তোমাকে পরিশোধ করে দেব। খাওলাহ বললেন, 'অবশ্যই দেব। আমার আববা আপনার জন্য কুরবান হোক, হে আল্লাহর রসূল!' অতঃপর তিনি খেজুর দিলে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকটির ঋণ পরিশোধ করলেন এবং আরো কিছু বেশী খেতে দিলেন। লোকটি বলল, 'আপনি আমার হক পূরণ করলেন, আল্লাহ আপনার হক পূরণ করুক।' মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ওরাই হল ভাল লোক, (যারা সুন্দরভাবে ঋণ পরিশোধ করে।) সে জাতি পবিত্র হবে না (বা না হোক), যে জাতির দুর্বল ব্যক্তি নিজ অধিকার অনায়াসে আদায় না করতে পেরেছে।



ফুটনোট

(ইবনে মাজাহ ২৪২৬, বাইহাকী ২০৬৯৭, হাকেম ৫১১৪, আবূ য়্যা'লা ১০৯১, সহীহুল জামে' ২৪২১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন